যুগান্তর

তারিখ 15 JUL 2009
পৃষ্ঠা ২০ কলাম ৫

# চট্টগ্রাম পলিটেকনিকে ছাত্রলীগের দু'গ্রুপে ফের সংঘর্ষ : আহত ৪

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রামে পলিটেকনিক ইনস্টিটিউটে ছাত্রলীগের দু'গ্রুপে আবার সংঘর্ষের ঘটনা ঘটেছে। মঙ্গলবার বেলা একটার দিকে সংঘটিত এ সংঘর্ষে ৪ জন আহত হয়। এরা হচ্ছে পলিটেকনিক ছাত্রলীগের সহ-সাংগঠনিক সম্পাদক জুয়েল, অনুপ বড়ুয়া, মোসলেহ উদ্দিন ও পিকলু দাশ। তাদেরকে নগরীর একটি ক্লিনিকে ভর্তি করা হয়েছে। জানা যায়, জুয়েল ও তার কয়েকজন বন্ধু মঙ্গলবার দুপুরে পলিটেকনিক ক্যাম্পাসের হোস্টেল গেটে বসে আড্ডা দিচ্ছিল। এ সময় খুলশী ও শেরশাহ এলাকার হাসান, বোমা খোকন, শফি ও কুদ্দুসের নেতৃত্বে ছাত্রলীগ নামধারী বহিরাগত একদল যুবক হকিস্টিক ও লাঠিসোঁটা নিয়ে ক্যাম্পাসে

সংঘর্ষ : পৃষ্ঠা ১৩ : কলাম ৩

## সংঘর্ষ : চট্টগ্রাম

(শেষ পৃষ্ঠার পর)

হামলা দেয়।
তারা জুয়েলকে তুলে নিয়ে যেতে চাইলে দু'গ্রুপে সংঘর্ষ শুরু হয়। এক পর্যায়ে জুয়েলের সহযোগীদেরকে পিটিয়ে বহিরাগত যুবকরা জুয়েলকে তুলে ক্যাম্পাসের পার্শ্ববর্তী খুলশী কলোনিতে নিয়ে যায়। পলিটেকনিক ছাত্রলীগের নেতাকর্মীরা জড়ো হয়ে পুলিশ সঙ্গে নিয়ে খুলশী কলোনি থেকে জুয়েলকে উদ্ধার করতে গেলে সেখানে আরেকদফা সংঘর্ষ হয়। পরে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে এনে আহত অবস্থায় জুয়েলকে উদ্ধার করে।
পলিটেকনিক ছাত্রলীগের সাধারণ সম্পাদক সুপন চৌধুরী অভিযোগ করেন, ছাত্রলীগের নাম ভাঙিয়ে বহিরাগত ক্যাডারদের চাঁদাবাজি সন্ত্রাসে বাধা দেয়ায় তারা ক্ষিপ্ত হয়ে পরিস্থিতি অশান্ত করার চেষ্টা চালাচ্ছে।
বায়েজিদ থানা পুলিশ জানায়, ক্যাম্পাস আপাতত শান্ত রয়েছে। গত রোববারও শেরশাহ কলোনিতে ছাত্রলীগ নেতাদের মৃত্যুবার্ষিকীতে কবরে ফুল দেয়া নিয়ে এই দু'গ্রুপের মধ্যে সংঘর্ষে ১০ জন আহত হয়।